

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

প্রেস বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে নতুন ওয়েব পোর্টালের উদ্বোধন

ঢাকা- ১৬ নভেম্বর, ২০১৪ইং

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের অধীনে নতুনভাবে প্রস্তুতকৃত ওয়েব পোর্টাল www.most.gov.bd এর যাত্রা শুরু হয়েছে। আগের ওয়েব পোর্টালের তুলনায় এটি বেশী সুবিন্যস্ত, তথ্যবহুল এবং সহজে ব্যবহারযোগ্য। বাংলা ও ইংরেজি দুই মাধ্যমেই এ ওয়েব পোর্টাল দেখা যাবে।

আজ সকালে মন্ত্রণালয়ের সভাকক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এটি উদ্বোধন করেন। উদ্বোধনকালে প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বদ্ধপরিকর। আর সে লক্ষ্যে এ সরকার তথ্য প্রযুক্তিকে বিগত ৬ বছরে সাধারণ জনগণের দোরগোড়ায় পৌঁছে দিয়েছে। এ ক্ষেত্রে ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র ও জাতীয় তথ্য বাতায়ন সবচেয়ে বড় উদাহরণ।

উদ্বোধন অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব খোন্দকার মোঃ আসাদুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন) দিলীপ কুমার বসাক, এনডিসি, অতিরিক্ত সচিব কাজী সালাহুউদ্দিন আকবর ও নূরজাহানসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের প্রধানগণ উপস্থিত ছিলেন।

(মোঃ কামরুল ইসলাম ভূইয়া)

তথ্য অফিসার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ফোনঃ ৯৫৪০৩৮৭ (অফিঃ)

মোবাঃ ০১৬৭২-৮৯ ৭৭ ৮৯

E-mail: buyankamrul@gmail.com